

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাননীয় মন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদান সংক্রান্ত


গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সম্মানিত ভূমি মালিকগণকে অবহিত করা যাচ্ছে যে, ভূমি উন্নয়ন কর আদায় কার্যক্রমকে অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে আগামী ১লা বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ হতে ভূমি উন্নয়ন কর অনলাইন তথা মোবাইল পেমেণ্ট, ডেবিট বা ক্রেডিট কার্ড পেমেণ্ট বা ব্যাংকের মাধ্যমে আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। ভূমি উন্নয়ন কর আদায়ের সেবাকে ক্যাশলেস হিসাবে পূর্ণাঙ্গভাবে ডিজিটালরূপে বাস্তবায়নে সকল ভূমি মালিককে (ব্যক্তি ও সংস্থাসমূহ) যথাসময়ে ও নিয়মিতভাবে ভূমি উন্নয়ন কর পরিশোধের জন্য অনুরোধ করা যাচ্ছে।

৩। ভূমি মালিক হিসাবে ভূমি উন্নয়ন কর পরিশোধে land.gov.bd ওয়েব পোর্টালে নাগরিক নিবন্ধনপূর্বক ভূমি উন্নয়ন কর পরিশোধ করে অনলাইনে দাখিলা সংগ্রহ করুন।

৪। বিস্তারিত জানতে ১৬১২২ নম্বরে কল করুন (বিদেশ থেকে +৮৮০ ৯৬১২৩ ১৬১২২) অথবা সরাসরি মেসেজ পাঠান www.facebook.com/land.gov.bd ফেসবুক পেজে।


12/04/2023

সৈয়দ মোঃ আব্দুরাহ আল নাহিয়ান
জনসংযোগ কর্মকর্তা
ভূমি মন্ত্রণালয়

ফোন: +৮৮০ ২ ৫৫১০০৪৭৪

ই-মেইল: pro@minland.gov.bd